গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ফরিদপুর, পাবনা।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## উপজেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর, পাবনা'র নভেম্বর'২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

১.১ উপদেষ্টা ঃ জনাব আলহাজ্ব মোঃ মকবুল হোসেন
মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা-৩

১.২ সভাপতি ঃ জনাব মোঃ গোলাম হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা

১.৩ স্থান ঃ উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা'র সভাকক্ষ

১.৪ তারিখ ঃ ২৯.১১.২০২১ খ্রিঃ

১.৫ সময় ঃ দুপুর ১১-০০ ঘটিকা

১.৬ সভার উপস্থিতি ঃ উপস্থিত বিভাগীয় প্রধান "পরিশিষ্ট-ক"

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০২ জনাব মোঃ নুরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৩ জনাব মোছাঃ নাসরিন পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৪ জনাব মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, বিএলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৫ জনাব মোঃ আমিনুর রহমান, চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৬ জনাব মোঃ সরোয়ার হোসেন, চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৭ জনাব মোঃ জিয়াউর রহমান, চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ জনাব খন্দকার মোঃ কামরুজ্জামান (মাজেদ), মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা।
০২ জনাব মোঃ সেলিম রেজা, চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৩ জনাব মোঃ মাফুজুর রহমান, চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।

০২ সভার শুরুতে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক পবিত্র কোরআন থেকে তেলোয়াত এবং গীতা পাঠ করা হয়। অতঃপর জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক দূরত্ব বজায় রেখে আসন গ্রহণ করতে অনুরোধ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৩.১ **স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোভিড-১৯ মহামারী মোকাবেলায় তিনি সকলকে টীকা নেয়ার এবং মাস্ক পরার জন্য অনুরোধ করেন।

৩.২ **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান এ বছর রোপাআমন আবাদ হয়েছে ৫৭৫ হেক্টর, এ পর্যন্ত কর্তন হয়েছে ৫৭৫ হেক্টর এবং বোনাআমন আবাদ হয়েছে ৪৪০০ হেক্টর, কর্তন হয়েছে ৩৫০০ হেক্টর, ফলন সন্তোষজনক। চলতি মৌসুমে কৃষি প্রনোদনার আওতায় গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী শীতকালীন পেঁয়াজ, মসুর এবং খেসারী সুষ্ঠুভবে বিতরণ শেষ হয়েছে। ২য় পর্যায়ে কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বোরো উফশী ও বোরো হাইব্রিড ধান দেওয়া হচ্ছে। পানি উন্নয়ন বোর্ডের আওতায় ঘেচুয়া ও ডেমরা স্লুইচ গেটের তদারকির জন্য সরকারি ভাবে গেট কিপার দেওয়া হলে কৃষক আগাম বন্যা এবং দ্রুত পানি নেমে যাওয়ার ক্ষেত্রে পানি ধরে রেখে কৃষক তার ফসলের ক্ষতির হাত হতে রক্ষা পাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি তার দপ্তরের নভেম্বর'২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ছকের মাধ্যমে তুলে ধরেন।

| মৌসুম | মাঠ ফসল | লক্ষ্যমাত্রা (হেক্টর) | অর্জন (হেক্টর) | চলতি মাসে বিভাগীয় কার্যক্রম | |
|---|---|---|---|---|---|
| | | | | পরামর্শের বিষয় | পরামর্শ গ্রহণকারী কৃষকের সংখ্যা |
| রবি | সরিষা | ৩৫০০ | ৩৩০০ | ১. সরিষার কাটুই পোকার উপর | ৭০০ জন |
| | খেসারী | ২৫০০ | ২০০০ | ২. পিঁয়াজের ও রসুনের পচন রোগের উপর | ১৫০ জন |
| | মসুর | ৩৫০ | ২০০ | ৩. বোরো ফসলের আধুনিক প্রযুক্তির উপর | ২০০ জন |
| | পিঁয়াজ কন্দ | ৩৫০ | ৩২০ | ৪. জৈব সার উৎপাদন ও ব্যবহারের উপর | ১৫০ জন |
| | গম | ১২২০ | ২৫০ | ৫. বোরো বীজতলার কোল্ড ইনজুরি নিয়ে আলোচনা | ১২০ জন |
| | বোরো বীজতলা | ৪৫০ | ১৫০ | ৬. অন্যান্য বিষয়ে পরামর্শ | ২৫০ জন |

চলমান পাতা-২

৩.৩ প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান জনাব মোঃ ছালেক আহমেদ, পিতা- এবাদ আলী খা, গ্রাম- বড় গোলকাটা, ইউনিয়ন- ডেমরা, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা'র একটি গরু জলাতঙ্ক রোগের উপসর্গ নিয়ে মারা গেছে। রোগ নির্ণয়ের জন্য উক্ত মৃত গরুর নমুনা কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া তার দপ্তরের নভেম্বর'২০২১ মাসের অন্যান্য কার্যক্রম নিম্নরুপঃ

| গবাদি পশু ও হাঁস মুরগীর চিকিৎসা প্রদান | | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা প্রদান | | কৃত্রিম প্রজনন | প্রশিক্ষণ | | রাজস্ব আয় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| গবাদি পশু | হাঁস-মুরগী | গবাদি পশু | হাঁস-মুরগী | | সরকারি | বেসরকারি | টিকাবীজ | কৃত্রিম প্রজনন |
| ১৬৩২ টি | ১০৬৪৫ টি | ২৩০০ | ৪১১০০ | ৫৫০ টি | ৫৫ | ০ | ৮৬২০.০০ | ১৬৫০০.০০ |

৩.৪ মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবক ভাবে চলছে।

৩.৫ পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের অক্টোবর'২১ মাসের কাজের অগ্রগতি নিম্নোক্ত ছকের মাধ্যমে তুলে ধরেন।

| মোট দম্পত্তি | পদ্ধতি গ্রহণকারী | সিএআর | স্থায়ী পদ্ধতি (জন) | | | আইইইডি (জন) | | | ইমপ্লান্ট (জন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ২৮৪১৫ | ২১৯৬৫ | ৭৭.৩০ | ০৮ | ০০ | ০০ | ১৮ | ১১ | ৬১.১১ | ৩১ | ২৪ | ৭৭.৪১% |

| ইনজেকশন (সিওয়াইপি) | | | খাবার বড়ি (সিওয়াইপি) | | | কনডম (সিওয়াইপি) | | | সর্বমোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ৪৩৭ | ৪১৩ | ৯৪.৫৬ | ৮৯৭ | ৮৩৫ | ৮১.৭৮ | ১৬১ | ১২৫ | ৮৩.৭১ | ১৫৫২ | ১৪০৮ | ৭৯.৭২ |

বর্তমানে ডিডিএস কিটের সরবরাহ স্বাভাবিক আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রায় সার্বক্ষনিক প্রসূতি সেবা চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

৩.৬ উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) প্রকল্পের আওতায় ছয়টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গিয়েছে কিন্তু বিভাগীয় কোন প্রকল্প তালিকা অদ্যবধি পাওয়া যায়নি। এছাড়া জাইকা প্রকল্পের চুড়ান্ত প্রকল্প তালিকাও পাওয়া যায়নি। তিনি আরও জানান যে সকল ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স ভবন নির্মিত হয়নি ৩য় পর্যায়ে ইউপি ভবন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণসহ নির্মাণের নীতিমালা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। যে সকল ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ করা প্রয়োজন তার তালিকাও পাওয়া গিয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে কিন্তু তাদের নিকট হতে আশাব্যঞ্জক সাড়া পাওয়া যায়নি।

তিনি আরও জানান যে, পিইডিপি-৪ এর আওতায় বাস্তবায়িত খাগরবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নব নির্মিত ভবনের জায়গা সংক্রান্ত জটিলতা নিরসন হয়েছে এবং বর্তমানে সেখানে নির্মাণ কাজ শুরু হয়েছে।

৩.৭ শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে তবে চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা না থাকায় শিক্ষার্থীদের যাতায়াতে চরম দুর্ভোগ পোহাতে হয়। বিদ্যালয় গুলোর নাম হচ্ছে (১) কৃষ্ণনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় (২) দেওভোগ সরকারি প্রাথমিক বিদ্যালয় (৩) বৃকালিয়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয় (৪) দহপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এর মধ্যে (১) নং ও (২) নং ক্রমিকের বিদ্যালয় গুলোতে ছাত্র/ছাত্রী সংখ্যা ৫০ জন এর নীচে অবস্থান করছে যা বিদ্যালয় বিলুপ্তির সামিল। কাজেই বিদ্যালয় গুলোতে যোগাযোগ ব্যবস্থার উন্নতি না ঘটলে ছাত্র/ছাত্রী সংখ্যা বাড়ানো সম্ভব হচ্ছেনা। এ ব্যাপারে তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

৩.৮ মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

চলমান পাতা-৩

৩.৯ সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান অত্র কার্যালয়ের বরাদ্দকৃত সর্বমোট ১,৩৩,১২,৬৪৪/- (এক কোটি তেত্রিশ লক্ষ বার হাজার ছয়শত চুয়াল্লিশ) টাকার মধ্যে বিনিয়োগকৃত টাকার পরিমাণ ৪১,৭৬,২৫০/- (একচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র। (১) বয়স্ক ভাতা ৪৭১৮ জন মাসিক ৫০০/- টাকা হারে (২) বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ২৮৭৭ জন মাসিক ৫০০/- টাকা হারে (৩) অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ২৪৪৩ মাসিক ৭৫০/- টাকা হারে (৪) হিজরা ভাতা ৬ জন মাসিক ৬০০/- টাকা হারে (৫) প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১২৩ জন বিভিন্ন স্তর (৬) দলিত হরিজন ভাতা ৫৬ জন মাসিক ৫০০/- টাকা হারে (৭) দলিত হরিজন শিক্ষা উপবৃত্তি ৩১ জন বিভিন্ন স্তর (৮) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কিস্তির ভাতার টাকা বিতরণ করা সম্পূর্ণ হয়েছে (৯) হাসপাতাল রোগী কল্যাণ সমিতি থেকে ঔষধ প্রদান চলমান ১৯,২৬৩/- টাকা (১০) প্রতিবন্ধী সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ চলমান (১১) বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার প্রতিস্থাপন কাজ সমাপ্ত হয়েছে।

৩.১০ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১১ সহকারি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ)ঃ ফরিদপুর সাব-জোনাল অফিসের সহকারি জেনারেল ম্যানেজার সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১২ খাদ্য নিয়ন্ত্রক বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৩ প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৪ সমবায় অধিদপ্তর ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৫ মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের অন্যান্য কার্যক্রম নিম্নোক্ত ভাবে তুলে ধরেন ঃ

(১) ভিজিডিঃ ২০২১-২০২২ ভিজিডি চক্রে ইউনিয়ন পর্যায়ে নভেম্বর'২০২১ মাসের ভিজিডি উপকারভোগীদের খাদ্যশস্য বিতরণ চলমান রয়েছে। সঞ্চয় আদায় ও ভিজিডি উপকারভোগীদের স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

(২) উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধন (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প ঃ ২০২১-২০২২ অর্থ বছরে (অক্টোবর'২০২১ হতে ডিসেম্বর'২০২১ মেয়াদে) ফ্যাশন ডিজাইন ট্রেডের কার্যক্রম চলমান রয়েছে।

(৩) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্প ঃ একটি পৌরসভা ও ৬টি ইউপিতে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে চলমান রয়েছে।

(৪) "আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ" এবং ০৯ ডিসেম্বর ২০২১ তারিখে " বেগম রোকেয়া দিবস" উদ্‌যাপন উপলক্ষ্যে " জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রম স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করার নির্দেশনার পত্র পাওয়া গেছে।

৩.১৬ আনসার ও ভিডিপি ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

৩.১৭ যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা'র প্রতিনিধি সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৮ হিসাব রক্ষণ বিভাগঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান তার দপ্তরে বেতন-ভাতা প্রদান সংক্রান্ত কোন সমস্যা হলে তাকে জানানোর জন্য অনুরোধ করেন।

৩.১৯ রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,ফরিদপুর,পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২০ জনস্বাস্থ্য বিভাগ ঃ উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২১ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড,পাবনা ঃ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

চলমান পাতা-৪

৩.২২ পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ)ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

| ক্রঃ নং | শেয়ার আদায় | সঞ্চয় আদায় | ঋণ বিতরণ | | আদায় যোগ্য | | আদায় | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মাসে | বছরে | মাসে | বছরে | মাসে | বছরে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| - | - | - | - | - | - | - | - | - | - |

৩.২৩ বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/পানাসি) সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৪ পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৫ আইসিটি বিভাগঃ আইসিটি বিভাগের সহকারি প্রোগ্রামার সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৬ আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক এর উপজেলা সমন্বয়কারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৭ উপজেলা তথ্য সেবা কর্মকর্তাঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৮ উপানুষ্ঠানিক শিক্ষা ঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো,ফরিদপুর, পাবনা'র কার্যালয়ের প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৯ উপজেলা নির্বাচন অফিসার ঃ উপজেলা নির্বাচন অফিসার,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.৩০ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব সুদেব কুমার সিংহ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবক ভাবে চলছে। তিনি জানান জাইকা প্রকল্পের অর্থায়নে বনওয়ারীনগর ইউনিয়নের মাধ্য স্থাপিত নজরুল-আফজাল স্কুল এন্ড কলেজে শিক্ষকদের জন্য রুম নির্মাণের প্রস্তাব করা হয়েছে। তিনি জানান জাইকা প্রকল্পের অর্থে প্রশাসনিক ভবন/কক্ষ স্থাপন করার বিধান নেই তবে ছাত্র-ছাত্রীদের জন্য কক্ষ নির্মাণ করা যেতে পারে।

৩.৩১ বন বিভাগ ঃ ফরেষ্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৪। <u>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানঃ</u>

(১) চেয়ারম্যান, বিএলাবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(২) চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান গোপালনগর হতে নারায়ণপুর রাস্তা পুনঃ নির্মাণ কাজের টেন্ডার হওয়ায় তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

(৩) চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে

(৪) চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

(৫) চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৬) চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৫। <u>মেয়র/ভাইস চেয়ারম্যানদ্বয় ঃ</u>

(১) মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা মহোদয় সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

চলমান পাতা-৫

(২) সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান ঘেচুয়ার স্লুইচ গেট এবং ডেমরা (কালিয়ানীর) স্লুইট গেটের কেয়ারটেকার দায়িত্ব পালনে অনিয়ম করায় পানি ব্যবস্থাপনায় সমস্যা হচ্ছে। হাদল,ফরিদপুর ও বনওয়ারীনগর ইউনিয়ন এলকার কৃষকগণ যথাসময়ে ফসল বোপন ও কর্তন করতে পারছেন না। বিষয়টি খতিয়ে দেখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া রাজবাড়ী দিঘী পাড়ের মরা গাছগুলি বিধিমোতাবেক কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের পুনরায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত: ঘেচুয়া ও ডেমরা স্লুইচ গেটের কেয়ারটেকার পরিবর্তনের বিষয়ে দ্রুত আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। রাজবাড়ী দিঘী পাড়ের মরা গাছগুলি বিধিমোতাবেক কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনাকে পুনরায় অনুরোধ করা হলো।

(৩) মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করা প্রয়োজন। পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করার জন্য একটি কমিটি গঠন করা যাতে পারে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এ সংক্রান্ত ব্যয় করার বিধান রয়েছে।

৬। উপজেলা নির্বাহী অফিসার জানান অক্টোবর'২০২১ মাসের পর হতে অদ্য ২৯.১১.২১ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় গুলি করা হয়েছে। বর্ণিত ব্যয় গুলি অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।

(১) উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ গোলাম হোসেনকে অক্টোবর'২১ মাসের সম্মানী ভাতা প্রদান ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা

(২) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নুরুল ইসলামকে অক্টোবর'২১ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা।

(৩) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ নাসরিন পারভীনকে অক্টোবর'২১ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা।

(৪) মালি মোঃ গোলজার হোসেনকে অক্টোবর'২১ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।

(৫) পরিচ্ছন্নতাকর্মী মোঃ আশরাফুল ইসলামকে অক্টোবর'২১ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।

(৬) উপজেলা পরিষদের অক্টোবর'২১ মাসের আপ্যায়ন ব্যয় বিল প্রদান ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা মাত্র।

(৭) উপজেলা পরিষদের অক্টোবর'২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বিল প্রদান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র।

(৬) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির মে'২১ হতে অক্টোবর'২১ পর্যন্ত সময়ের আপ্যায়ন ব্যয় বিল সভাপতি মোছাঃ নাসরীন পারভীনকে প্রদান ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র।

(৭) উপজেলা পরিষদ তথ্য সেবা কেন্দ্রের পানির লাইন মেরামত ব্যয় বিল প্রদান ১৭,৮২০/- (সতের হাজার আটশত বিশ) টাকা মাত্র।

(৮) উপজেলা পরিষদ টু-ইন কোয়াটার কোয়েল ভবনের পানির লাইন মেরামত বিল প্রদান ২৫২০/- ( দুই হাজার পাঁচশত বিশ) টাকা।

(৯) উপজেলা পরিষদ জীপ গাড়ীর সেপ্টেম্বর'২১ ও অক্টোবর'২১ মাসের জ্বালানী ব্যয় বিল প্রদান ৪২,৫৬৬/- (বিয়াল্লিশ হাজার পাঁচশত ছেষট্টি) টাকা মাত্র।

(১০) উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের ই-টেন্ডার বিজ্ঞপ্তি বিল দৈনিক কালের কণ্ঠ,ঢাকাকে পরিশোধ ২১,৬০০/- (একুশ হাজার ছয়শত) টাকা মাত্র।

(১১) উক্ত বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট জমা ৩,২৪০/- ( তিন হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র।

(১২) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির মে'২১ হতে অক্টোবর'২১ পর্যন্ত সময়ের আপ্যায়ন ব্যয় বিল সভাপতি মোঃ নুরুল ইসলামকে প্রদান ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র।

(১৩) উপজেলা পরিষদ শিমুল কোয়ার্টারের দোতালার টয়লেটের দরজা পুনঃ স্থাপন, নীচতলার টয়লেটের পাইপ পুনঃ স্থাপন ও গেজেটেড কোয়ার্টার মেঘনার বাসায় বেসিন ও পানির লাইন পুনঃ স্থাপন কাজের বিল পরিশোধ ১৪,৮০০/- ( চৌদ্দ হাজার আটশত) টাকা মাত্র।

(১৪) উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ গোলাম হোসেনকে সেপ্টেম্বর-অক্টোবর'২১ মাসের ভ্রমন ব্যয় বিল প্রদান ১৫,৬২৫/- (পনের হাজার ছয়শত পঁচিশ) টাকা মাত্র।

(১৫) উপজেলা পরিষদ কার্যালয়ে বৈদ্যুতিক লাইন স্থাপন/পুনঃ স্থাপন কাজের বিল প্রদান ৯,৯৪১/- (নয় হাজার নয়শত একচল্লিশ) টাকা মাত্র।

সিদ্ধান্ত: বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ৬ এর (১) হতে (১৫) নং অনুচ্ছেদ পর্যন্ত ব্যয়গুলি বিধিসম্মত হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

চলমান পাতা-৬

৭। <u>বিবিধ</u>

(১) সভাপতি জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, উন্নয়ন-২ শাখা'র ১৯ জুলাই ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৮.৯৯.০০৩.২১-৫০০ নং স্মারকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাগণের নামে নামকরণের ক্ষেত্রে উপজেলা পরিষদের মাসিক সভার সুপারিশসহ বিভিন্ন সনদ/কাগজপত্রসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করার নিমিত্ত প্রস্তাবসমূহ উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনাকে অনুরোধ করা হলো।

(২) সভাপতি আরও জানান জাইকা প্রকল্পের অর্থায়নে বনওয়ারীনগর ইউনিয়নের সোনাহারা বাথান ঘাটে একটি এবং ডেমরা বাজার কসাইখানার পার্শ্বে একটি ওয়াশরুম নির্মাণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের ডিসেম্বর'২১ মাসের সভায় জাইকা প্রকল্পের তালিকা চুড়ান্ত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) সভাপতি আরও জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখার ০৩ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১১৬.১৩.১৯৮ নং স্মারকে অত্র উপজেলা পরিষদের বরখাস্তকৃত সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ জহুরুল ইসলাম এর বরখাস্ত আদেশটি বাতিল করে তার বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করেছেন। সে মোতাবেক উক্ত কর্মচারী তাঁর বরাবর যোগদানপত্র দাখিল করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ জহুরুল ইসলাম এর যোগদানপত্র গ্রহণসহ তার বকেয়া বেতন-ভাতার বরাদ্দ প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে চাহিদাপত্র প্রেরণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা মহোদয়কে অনুরোধ করা হলো। বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বকেয়া বেতন-ভাতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(৪) সভাপতি সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত কর্মস্থলে উপস্থিত ও যথাযথ দায়িত্ব পালনের আদেশ দেন। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করনে। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

29-11-21

(মোঃ গোলাম হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফরিদপুর,পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
<u>ফরিদপুর,পাবনা।</u>

স্মারক নং-০৫.৪৩.৭৬৩৩.০০০.০৬.০০১.২০২১-৮৫৬ তারিখঃ ২৯.১১.২০২১ খ্রিঃ।

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-</u>

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য,৭০ পাবনা -৩।
০৩। সিনিয়র সচিব,জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৪। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী।
০৬। জেলা প্রশাসক,পাবনা।

<u>অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-</u>

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ফরিদপুর,পাবনা।
০৮। মেয়র,ফরিদপুর পৌরসভা,পাবনা।
০৯। চেয়ারম্যান,......................................ইউপি (সকল),ফরিদপুর,পাবনা।
১০। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ফরিদপুর উপজেলা কমান্ড, পাবনা।
১১। উপজেলা...........................................কর্মকর্তা,ফরিদপুর,পাবনা।

29/11/2021

(মোসাঃ জেসমীন আরা)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর,পাবনা।
ফোন নং- ০৭৩২৫-৬৪০১০

## পরিশিষ্ট "ক"

উপস্থিত বিভাগীয় প্রধানগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর,পাবনা।
০২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৩ উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৪ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৫ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৬ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,ফরিদপুর,পাবনা।
০৭ উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনা।
০৮ উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
০৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
১০ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর,পাবনা।
১২ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর,পাবনা।
১৩ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৪ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৫ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৬ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৭ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৮ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফরিদপুর, পাবনা।
১৯ উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর,পাবনা।
২০ সিনিয়র উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), ফরিদপুর, পাবনা।
২১ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
২২ উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক।
২৩ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
২৪ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
২৫ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ)

অনুপস্থিত বিভাগীয় প্রধানগণঃ

০১ সহকারি জেনারেল ম্যানেজার,পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফরিদপুর, পাবনা।
০২ উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৩ উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), ফরিদপুর, পাবনা।
০৪ সহকারি প্রোগ্রামার (আইসিটি), ফরিদপুর, পাবনা।
০৫ ফরেষ্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা।
০৬ উপজেলা প্রোগ্রাম অফিসার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ফরিদপুর, পাবনা।